অভিবাসী এবং তাদের পরিবারদের সাথে কিভাবে পাব্লিক চার্জের (Public Charge) বিষয়ে আলোচনা করা যায়

এই বিষয়টিতে অভিবাসী জনগোষ্ঠীর সাথে কথোপকথনের সময় প্রোটেক্টিং ইমিগ্রেন্ট ফ্যামিলিজ ক্যামপেনের (Protecting Immigrant Families Campaign) প্রধান বার্তা এবং আলোচ্য বিষয়ের পরামর্শের সংক্ষিপ্তবর্ণন আছে।

দয়া করে যে কোনো বা সব প্রধান বার্তার সাথে মৌলিক বার্তাটা ব্যবহার করবেন। বার্তার পরে প্রধান বার্তাগুলির সাথে সামঞ্জস্য রেখে আরো বিস্তারিত কথাবার্তার বিষয় জানানো হয়েছে।

পার্টনাররা তাদের নিজস্ব সংগঠনের চিঠিপত্র এবং সামাজিক গোষ্ঠীকে বিজড়িত করার রণকৌশলের সাথে সুসমঞ্জস করতে -মৌলিক বার্তার বিশেষ শব্দার্থসমেত- যে কোনো বার্তা নিঃসঙ্কোচে মানানসই করে নিতে পারে। উদাহরণস্বরূপ, কথোপকথনে ট্রাম্প (Trump) প্রশাসনের প্রস্তাবিত পাব্লিক চার্জের নীতিতে পরিবর্তনের সম্ভাব্য পরিণামে দরিদ্রতা এবং ক্ষুধা বাড়ার উল্লেখ আছে, তবে আপনার সংগঠন যদি স্বাস্থ্য সমস্যা নিয়ে কাজ করে, তাহলে আমরা আপনাকে পরামর্শ দেব যে "স্বাস্থ্যের অপূর্ণ প্রয়োজন" বা ঐ সমস্যার বিষয়ে আপনার সংগঠনের পছন্দমত ভাষা ব্যবহার করতে পারেন।

এই সমস্যার অপেক্ষাকৃত বিস্তারিত বর্ণনা, যেখানে পাব্লিক চার্জের ব্যাপারে আলোচনা করা হয়েছে, সাহায্যসংস্থান হিসাবে এখানেও পাওয়া যাবে: **www.nilc.org/exec-orders-and-access-to-public-programs/**.

প্রধান বার্তা

মূল বার্তা

- আপনি একা না, এখনও মোকাবিলা করার সময় আছে।

অন্যান্য প্রধান বার্তা

- ইউ.এস.-এর পরিধিমধ্যে পাব্লিক চার্জের সিদ্ধান্তের নীতিতে এখনও পরিবর্তন করা হয়নি।
- প্রস্তাবটা এখনও খসড়ারূপে আছে। এটা পোস্ট করা হলে, ফেডেরাল এজেন্সির এটা স্বীকার করে নিতে হবে এবং এই বিষয়ে মন্তব্যে উত্তর দিতে হবে। চূড়ান্ত রূপায়ন না হওয়া পর্যন্ত এটা কার্যত প্রয়োগ করা হবে না, তাতে আরো সময় লাগবে।
- সব অভিবাসীদের পাব্লিক চার্জের পরীক্ষা দিতে হবে না।
- এই পরীক্ষায় ব্যক্তিবিশেষের সবরকম পরিস্থিতি বিবেচনা করা হবে, তার না-সূচক কারণ বনাম ইতিবাচক কারণগুলি বিচার করা হবে।
- প্রস্তাবিত নিয়মের চূড়ান্ত রূপ দেওয়া হলে, ঐ সময়ের আগে ব্যবহার করা (দীর্ঘকালীন পরিচর্যা ছাড়া) নগদবিহীন সুবিধা বিবেচনা করা হবে না। এখন সুবিধা ব্যবহার করলে আপনি বা আপনার পরিবারের সদস্যরা ভবিষ্যতে আরো সুস্থ, সবল, এবং আরো চাকরি পাওয়ার যোগ্য হয়ে উঠতে পারবে।
- যারা স্বাস্থ্য নিরাপত্তা বিমা, খাদ্যপুষ্টি, আর্থিক সমর্থন, বা অন্যান্য সার্বজনীন সুবিধা পায় বা তার আবেদন করে ফেডেরাল এবং রাজ্যের আইন তাদের গোপনীয়তা সুরক্ষিত করে রাখে।
- আপনার পরিবারের জন্য সবচেয়ে সেরা সিদ্ধান্ত নেওয়ার সময় সাহায্য চেয়ে নিন এবং সম্ভব হলে, আপনার পরিস্থিতির ব্যাপারে একজন ইমিগ্রেশন অ্যাটর্নি বা বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপীল্সের (Board of Immigration Appeals) অনুমোদিত প্রতিনিধির সাথে পরামর্শ করে নিন।

আলোচ্য বিষয়

আপনি একা না। ট্রাম্প প্রশাসনের পরিকল্পিত পাব্লিক চার্জ নিয়মের ফলে অভিবাসী পরিবারদের বাধ্য হয়ে তাদের প্রয়োজন এবং তাদের প্রিয়জনদের মধ্যে থেকে একটিকে বেছে নিতে হবে। তার ফলে হঠাত্ যে দরিদ্রতা, ক্ষুধা এবং অন্যান্য সামাজিক সমস্যা দেখা দেবে তাতে কয়েক মিলিয়ন মানুষ বিপদগ্রস্ত হবে, সেটা সারা দেশের জন্য বিপজ্জনক।

এখনও মোকাবিলা করার সময় আছে। সারা দেশের লোক ট্রাম্পের বিরুদ্ধে একজোট হয়ে পাব্লিক চার্জের নীতি পরিবর্তনের এই অপমানজনক প্রস্তাবের মোকাবিলা করছে। পাব্লিক চার্জের নীতিতে প্রস্তাবিত পরিবর্তনের প্রতিবাদ করতে স্বাস্থ্য, খাদ্যপুষ্টি, আর্থিক সুযোগ, এবং সামাজিক ন্যায়বিচারের জগতের অন্যতম কর্ণধাররা ঐক্যবদ্ধ হয়েছেন। এই অপমানজনক নীতির বিরোধিতা করতে তারা সংবাদ মাধ্যমকে সতর্ক করছেন, নীতি নির্ধারকদের সাথে কাজ করছেন এবং আপনাদের মত সমাজগোষ্ঠীর সাথে একত্র হচ্ছেন। আপনাদের কাহিনী আমাদের সাথে শেয়ার করে, পরিকল্পিত পাব্লিক চার্জের নিয়ম প্রকাশিত করা হলে তাতে মন্তব্য করে এবং আপনার জন্য যে এই সমস্যা গুরুত্বপূর্ণ তা আপনাদের বিধায়ককে জানিয়ে আমাদের সাথে যোগ দিন!

ইউ.এস.-এর পরিধিমধ্যে পাব্লিক চার্জের সিদ্ধান্তের নিয়মে এখনও পরিবর্তন করা হয়নি।

যদিও বিদেশে মোটামুটিভাবে ইউ.এস. কনসুলেট পাব্লিক চার্জ পরীক্ষা শুরু করে দিয়েছে, তবে যারা বিদেশ থেকে ইউ.এস.-এ প্রবেশের চেষ্টা করছেন বা যাদের আবেদন প্রক্রিয়াকরণের জন্য বিদেশ যেতে হবে শুধু তাদের ক্ষেত্রে এইসব পরিবর্তন প্রয়োগ করা হচ্ছে। ইউ.এস.-স্থিত ইউ.এস. সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেসের [U.S. Citizenship and Immigration Services (USCIS)] যেসব গ্রীন কার্ড আবেদন প্রক্রিয়াকরণ করে তাতে পাব্লিক চার্জের নিয়মে পরিবর্তন হয়নি।

প্রস্তাবটা এখনও খসড়ারূপে আছে। চূড়ান্ত রূপায়ন না হওয়া পর্যন্ত এটা কার্যত প্রয়োগ করা হবে না, তাতে আরো সময় লাগবে। ট্রাম্প প্রশাসন এখনও এই নিয়মের প্রস্তাব রাখেনি। আমরা শুধু অসম্পূর্ণ খসড়া দেখেছি। যদি প্রশাসন এই নিয়ম প্রকাশিত করে, তাহলে সরকার এই নিয়মে চূড়ান্ত রূপ দেওয়ার আগে আইনত আমরা সবাই প্রতিবাদ করার সুযোগ পাব। এই নিয়মের বিষয়ে মন্তব্যগুলি জমা হয়ে যাওয়ার পর, পুনর্বিচার প্রক্রিয়ায় কয়েক মাস সময় লাগতে পারে। বস্তুত কয়েকটা প্রস্তাবিত নিয়ম কখনো কখনো চূড়ান্ত রূপ পায় না। যদি এই নিয়মের চূড়ান্ত রূপায়ন হয়, তাহলেও সেই চূড়ান্ত সংস্করণ প্রকাশিত করার পর সেটা কার্যকর করতে বেশ কয়েক সপ্তাহ এমনকি মাসও লাগতে পারে।

আইনী ধারায় কয়েক প্রকারের অভিবাসীদের পাব্লিক চার্জ পরীক্ষা থেকে রেহাই দেওয়া হয়। অব্যাহতি পাওয়া অভিবাসীদের মধ্যে এরা গণ্য হয়: শরণার্থী; আশ্রয়প্রার্থী; মানুষ পাচার, পারিবারিক সহিংসতা বা অন্যান্য গুরুতর অপরাধের কবল থেকে রেহাই পাওয়া মানুষ (T বা U visa ভিসা আবেদক/ধারক); VAWA স্বয়ং আবেদনকারী; বিশেষ অপ্রাপ্তবয়স্ক অভিবাসী; বন্দীদশা থেকে ইউ.এস.-এ মুক্তিপ্রাপ্ত কয়েকজন; এবং যেসব গ্রীন কার্ড ধারক ইউ.এস. নাগরিকতার আবেদন করছেন। পরিকল্পিত নিয়ম চূড়ান্ত রূপায়ন করা হলেও এই দলগুলিকে পাব্লিক চার্জ পরীক্ষাধীন রাখা হবে না।

পাব্লিক চার্জ পরীক্ষায় না-সূচক কারণ বনাম ইতিবাচক কারণগুলি বিচার করা হয়। আপনি ভবিষ্যতে পাব্লিক চার্জ হয়ে উঠতে পারেন কিনা সেই সিদ্ধান্ত নিতে গিয়ে অভিবাসন কর্মকর্তাদের আপনার সব পরিস্থিতি বিবেচনা করে দেখতে হবে। তাতে আছে আপনার বয়স, স্বাস্থ্য, উপার্জন, সম্পত্তি, সংস্থান, শিক্ষা/দক্ষতা, আপনার যে পরিবারের গ্রাসাচ্ছদনের দায়িত্ব নিতে হবে এবং যে পরিবার আপনাকে সাহায্য করবে। কোনো স্পনসর যদি আপনাকে সাহায্য করার প্রতিশ্রুতি দিয়ে সাহায্যের হলফনামা (বা চুক্তি)তে স্বাক্ষর করেন তারা সেটাও বিবেচনা করে দেখবে। যে কোনো না-সূচক কারণের বিরুদ্ধে ইতিবাচক কারণগুলিকে গণ্য করা হবে।

যদি এই নিয়মের চূড়ান্ত রূপ দেওয়া হয়, নিয়মটা কার্যত বলবত্ হওয়ার আগে আপনি সময় পাবেন

ফাঁস হয়ে যাওয়া পরিকল্পিত প্রস্তাবমত, এর আগে যে সুবিধাগুলি পাব্লিক চার্জ নির্ণয়ের পরিধির বাইরে ছিল (যেমন Medicaid এবং SNAP সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program) ঐসব সুবিধা যদি চূড়ান্ত নিয়ম প্রকাশিত করার 60 দিন পরে নেওয়া হয় শুধু তাহলে সুবিধাগুলি বিবেচনা করা হবে। এখন এইসব সুবিধা সদ্ব্যবহার করলে আপনি বা আপনার পরিবারের সদস্যরা ভবিষ্যতে আরো সুস্থ, সবল এবং আরো চাকরি পাওয়ার যোগ্য হয়ে উঠতে পারবে। পরিবারদের বিশেষ পরিস্থিতি অনুসারে তাদের স্ব স্ব নির্ণয় নিতে হবে।

যারা স্বাস্থ্য নিরাপত্তা বিমা, খাদ্যপুষ্টি, আর্থিক সমর্থন, বা অন্যান্য সার্বজনীন সুবিধা পায় বা তার আবেদন করে, ফেডেরাল এবং রাজ্যের আইন তাদের গোপনীয়তা সুরক্ষিত করে রাখে। সার্বজনীন প্রোগ্রামের আবেদনে, পরিবারের যারা আবেদন করছেন না তাদের অভিবাসনের পরিস্থিতির বিষয়ে তথ্যের অনুরোধ করা উচিত না। কয়েকটা ব্যতিক্রম ছাড়া, শুধু প্রোগ্রাম পরিচালনা করার জন্য সুবিধাপ্রদানকারী সংস্থাদের অন্যান্য সরকারি সংস্থার সাথে তথ্য শেয়ার করা উচিত। আপনি শুধু প্রয়োজনমত তথ্য জানাতে পারেন এবং সার্বজনীন সুবিধার আবেদন পূরণ করে দেওয়ার সময় বা কোনো সরকারি সংস্থার সাথে কাজ করার সময় আপনার কোনো অসত্য জানানো উচিত না।

আপনার পরিবারের জন্য সবচেয়ে সেরা সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে সাহায্য চেয়ে নিন এবং সম্ভব হলে, আপনার পরিস্থিতির ব্যাপারে একজন ইমিগ্রেশন অ্যাটর্নি বা বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপীল্স BIA-অনুমোদিত প্রতিনিধির সাথে পরামর্শ করে নিন। সারা দেশের অধিবক্তা এবং স্বাস্থ্য ও সামাজিক পরিষেবা প্রদানকারীরা পাব্লিক চার্জের নিয়মের ব্যাপারে সতর্ক নজর রাখছেন। অনেক স্থানীয় নেতারা দুশ্চিন্তাগ্রস্ত পরিবারদের বিনামূল্যে বা কম দামে অভিবাসনে সাহায্য করতে পারে। আইনী সাহায্য এবং পরামর্শ দেয় এমন স্থানীয় মুনাফাহীন সংগঠনদের সন্ধান করার জন্য আপনি এই অনলাইন ডায়রেক্টারি ব্যবহার করতে পারেন: **https://www.immigrationlawhelp.org/**.